# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 15-03-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে ২৩ এবং ২৯-শে এপ্রিল দু-দফায় ভোট গ্রহণ।

গণনা চৌঠা মে।

২) ভোট ঘোষণার ঠিক আগেই রাজ্যে সরকারী কর্মচারী, শিক্ষক-শিক্ষাকর্মী সহ পেনশন প্রাপকদের বকেয়া ডি এ দেওয়ার ঘোষণা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর।

পুরোহিত ও মোয়াজ্জিমদের ভাতা বৃদ্ধিরও ঘোষণা ।

ভাতা বৃদ্ধির ঘোষণাকে কটাক্ষ করেছেন, বিজেপি নেতা শুভেন্দু অধিকারী।

৩) রান্নার গ্যাস বিতরণকারী সংস্থাগুলিতে জ্বালানির কোন ঘাটতি নেই বলে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলস্তরের মাই ভারত বাজেট কোয়েস্ট বিজয়ীদের সঙ্গে মত বিনিময় করবেন।

৫) কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় কালবৈশাখীর ঝড় ও বৃষ্টি শুরু হয়েছে।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ সহ চার রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলে বিধানসভা ভোটের নির্ঘন্ট প্রকাশ করেছে নির্বাচন কমিশন। রাজ্যে ২৯৪-টি বিধানসভা আসনে ২ দফায় ২৩ এবং ২৯-শে এপ্রিল ভোট নেওয়া হবে। প্রথম দফায় ১৫২টি আসনে এবং দ্বিতীয় দফায় ১৪২-টি আসনে ভোট হবে। নতুন দিল্লির বিজ্ঞান ভবনে দুই নির্বাচন কমিশনার ডক্টর এস এস সান্ধু এবং ডক্টর বিবেক যোশীর উপস্থিতিতে আজ এক

সাংবাদিক বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার জানান, পাঁচ রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলেই ভোট গণনা চৌঠা মে।

(বাইট - জ্ঞানেশ কুমার)

ভোটের দিনক্ষণ ঘোষণার সঙ্গেই নির্বাচনী আদর্শ আচরণ বিধি জারি হলো বলে তিনি জানান। প্রকাশিত সূচী অনুযায়ী প্রথম দফার ভোটের জন্য বিজ্ঞপ্তি জারি হবে ৩০-শে মার্চ। প্রার্থী পদ দাখিল করা যাবে ৬-ই এপ্রিল পর্যন্ত। পরদিন জমাপড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থী পদ প্রত্যাহারের শেষদিন ৯ই এপ্রিল।

এই দফায় দার্জিলিং , কালিম্পঙ, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার , কোচবিহার , উত্তর ও দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ , বীরভূম , পশ্চিম বর্ধমান, পুরুলিয়া , বাঁকুড়া , ঝাড়গ্রাম, পশ্চিম ও পূর্ব মেদিনীপুর জেলায় ভোটগ্রহণ।

অন্যদিকে, দ্বিতীয় দফার জন্য দোশরা এপ্রিল বিজ্ঞপ্তি জারি হবে। মনোনয়ন জমা দেওয়া যাবে ৯-ই এপ্রিল পর্যন্ত। ১০-ই এপ্রিল সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থী পদ প্রত্যাহারের শেষদিন ১৩-ই এপ্রিল।

এই দফায় ভোট নেওয়া হবে নদীয়া , পূর্ব বর্ধমান , হুগলি , হাওড়া, উত্তর ও দক্ষিন ২৪ পরগনা এবং কলকাতায়।

সকল বৈধ ভোটারের ভোটাধিকার সুনিশ্চিত করাই এস আই আর-এর মূল উদ্দেশ্য বলে এদিন মুখ্য নির্বাচন কমিশনার ফের জানান। তিনি বলেন, বিচারাধীন ভোটারদের তথ্য জুডিশিয়াল অফিসাররা খতিয়ে দেখার পর সেগুলি চূড়ান্ত তালিকার সঙ্গে যুক্ত করা হবে।

(বাইট – জ্ঞানেশ কুমার- এস আই আর)

তিনি বলেন, প্রত্যেকটি ভোট কেন্দ্রে পানীয় জল, শৌচাগারের মতো ন্যূনতম সুবিধা সুনিশ্চিত করার ব্যাপারে নির্দেশিকা জারি হয়েছে। ভোটগ্রহণ প্রক্রিয়াকে আরও স্বচ্ছ করে তুলতে নির্বাচন কমিশন ৩০-টি নতুন উদ্যোগ গ্রহণ করেছে। একটি ভোট কেন্দ্রে সর্বাধিক ১২-শো ভোটার থাকবেন। ২৪ ঘণ্টা নজরদারির জন্য প্রত্যেক বুথেই থাকবে ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা।

ভুয়ো তথ্য ও ডিপ ফেক ভিডিও কোনভাবেই যাতে না ছড়ায় সেবিষয়ে নোডাল অফিসাররা নজর রাখবেন বলে জ্ঞানেশ কুমার জানান।

oooooooooooooooooooooo

বিজেপি, রাজ্যের দুই দফায় বিধানসভা ভোটের নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে স্বাগত পশ্চিমবঙ্গে ভোটের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। দলের রাজ্য সভাপতি শমীক

ভট্টাচার্য কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, অন্য রাজ্যের এক দফা নির্বাচন হলেও হিংসার পুরনো ইতিহাসের কথা মাথায় রেখেই এরাজ্যে দু দফায় তা হচ্ছে।

(বাইট-শমীক)

সিপিআইএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম সুষ্ঠু ও অবাধ ভোটগ্রহণের দাবি জানিয়েছেন।

oooooooooooooooooooooo

চলতি মাস থেকেই রাজ্য সরকারী কর্মচারীদের বকেয়া ডিএ মিটিয়ে দেওয়ার কাজ শুরু হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। সামাজিক মাধ্যমে আজ এক পোস্টে তিনি লিখেছেন, রাজ্যের শিক্ষক, শিক্ষাকর্মী, পঞ্চায়েত, পুরসভার কর্মী ও পেনশন প্রাপকদের ২০০৯ সালের বেতন কাঠামো, রোপা অনুযায়ী বকেয়া মহার্ঘ্যভাতা দেওয়া হবে। অর্থ দফতরের জারি করা বিজ্ঞপ্তিতে বকেয়া ডি এ প্রদানের পদ্ধতি ও সময়সূচী নির্দিষ্ট করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী তার এক্সহ্যান্ডে জানান।

উল্লেখ্য, গত ৫-ই ফেব্রুয়ারী সুপ্রিমকোর্টের বিচারপতি সঞ্জয় কাড়ল এবং প্রশান্ত কুমার মিশ্রার বেঞ্চ রাজ্য সরকারী কর্মচারীদের বকেয়া মহার্ঘ্যভাতা ২৫ শতাংশ অবিলম্বে মিটিয়ে দিতে রাজ্য সরকারকে নির্দেশ দেয়। পাশাপাশি বাকি ৭৫ শতাংশ অর্থ মেটানোর জন্য ৪ সদস্যের একটি কমিটি গঠন করে দেয় শীর্ষ আদালত। কমিটির আলোচনার পর ৩১-শে মার্চের মধ্যে বাকি ৭৫ শতাংশের প্রথম কিস্তি মিটিয়ে দিতে নির্দেশ দিয়েছিল বেঞ্চ। ১৫-ই এপ্রিল রাজ্য সরকার এবং কমিটিকে সর্বোচ্চ আদালতে এব্যাপারে রিপোর্ট দেওয়ার কথাও বলা হয়।

ভোট ঘোষণার ঠিক আগেই ডিএ দেওয়ার এই সিদ্ধান্তকে কটাক্ষ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেছেন, বাস্তবে এক পয়সাও দেবে না রাজ্য সরকার।

এদিকে, সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ বলেছেন, রাজ্য সরকারী কর্মচারীদের আন্দোলন সফল হয়েছে।

(বাইট – ভাস্কর)

রাজ্য সরকারী কর্মচারীদের যৌথ মঞ্চের আহ্বায়ক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী বলেছেন, শূন্য পদে নিয়োগ এবং স্থায়ীকরণের দাবিতে আগামী দিনেও তাদের আন্দোলন চলবে।

(বাইট – বিশ্বজিৎ)

মুখ্যমন্ত্রীর এই ঘোষণার পর কনফেডারেশন অফ স্টেট গভর্মেন্ট এমপ্লয়ীজের আইনজীবী ফিরদৌস শামিম বলেছেন, সুদীর্ঘ লড়াই শেষে রাজ্য সরকারী কর্মচারীরা জয় পেলেন।

(বাইট – শামিম)

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী এক বিবৃতিতে বলেছেন, অনেক আগেই রাজ্য সরকারের এই ঘোষণা করা উচিত ছিল।

মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি (এস টি ই এ)-র এর সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ এক বিবৃতিতে বলেন, এই ঘোষণায় সরকারী কর্মচারীরা কিছুটা স্বস্তি পেলেন।

বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির সাধারণ সম্পাদক স্বপন মন্ডল এই ঘোষণায় সন্তোষ ব্যক্ত করেছেন।

(বাইট – স্বপন মন্ডল)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এর পাশাপাশি পুরোহিত ও মোয়াজ্জিনদের মাসিক ভাতা বৃদ্ধিরও কথাও আজ সামাজিক মাধ্যমে ঘোষণা করেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। তিনি বলেন, এখন থেকে তাঁরা দেড় হাজারের পরিবর্তে ২ হাজার টাকা করে পাবেন। এই ভাতার জন্য যারা বিধি মেনে নতুন আবেদন করেছিলেন, তাতে অনুমোদন দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার হাড়োয়া থানার জ্যাঙ্গাললাটি পূর্বপাড়া গ্রামে তৃণমূল কংগ্রেস এবং আই এস এফ কর্মী সমর্থকদের মধ্যে সংঘর্ষকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। দু দলের কার্যালয়ে হামলা, পাল্টা হামলার অভিযোগ করেছে তারা। তৃণমূল কংগ্রেসের দাবি এর জেরে তাদের এক পঞ্চায়েত সদস্য সহ তিন নেতা কর্মী গুরুতর জখম হয়েছেন। একজনের অবস্থা আশঙ্কাজনক। যদিও আই এস এফ-এর দাবি, শাসক দল আশ্রিত দুষ্কৃতিরাই তাদের কর্মীদের প্রথমে মারধোর করে।

জানা গেছে, দু-দলের কর্মী সমর্থকদের মধ্যে প্রথমে বচসা শুরু হয়, এরপরই একে অপরের দলীয় কার্যালয়ে ভাঙচুর চালায় তারা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে যে সারাদেশে রান্নার গ্যাস সরবরাহকারী কেন্দ্রগুলিতে সরবরাহে কোন ঘাটতি নেই। মন্ত্রকের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে যে গ্যাস বুকিং খানিক টা কমেছে। গতকাল ৭৭ লক্ষ বুকিং রেকর্ড করা হয়েছে, তার আগের দিন এই সংখ্যা ছিল প্রায় ৮৮ লক্ষ।

মন্ত্রক জানিয়েছে রাজ্য সরকার গুলিকে অগ্রাধিকারের ভিত্তিতে বন্টনের জন্য বাণিজ্যিক সিলিন্ডার প্রস্তুত রাখা হয়েছে এবং বর্তমানে ৩০ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে এগুলি বন্টন করা হবে।

বিহার দিল্লি হরিয়ানা এবং রাজস্থানের মত বেশ কিছু রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল সরকারি নির্দেশিকা মেনে গৃহস্থালি ছাড়া অন্য ক্ষেত্রের জন্য এলপিজি বন্টনের নির্দেশ জারি করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল স্তরের 'মাই ভারত বাজেট-কোয়েস্ট' বিজয়ীদের সঙ্গে মতবিনিময় করবেন। উন্নত ভারত গড়ে তোলার লক্ষ্যে এবারের কেন্দ্রীয় বাজেট নিয়ে যুব শক্তির আলোচনা এবং মতবিনিময়ের উদ্যোগ, এই কোয়েস্ট । অর্থনীতির বিভিন্ন পরিকল্পনায় যুব সম্প্রদায়ের অংশ গ্রহণ নিশ্চিত করাই এর উদ্দেশ্য। এই কর্মসূচীতে ১২ লক্ষের'ও বেশী যুবক যুবতী সামিল হয়েছেন। তাঁরা ৪৭ হাজার নিবন্ধ অনলাইনে জমা দিয়েছেন।

এবারের কেন্দ্রীয় বাজেটকে যুবশক্তি-চালিত বাজেট বলে স্বীকৃতি দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত সরকারের ন্যাশনাল ইনস্টিটিউট অফ সোশ্যাল ডিফেন্স (NISD), সিনিয়র সিটিজেন ডিভিশন ও রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ সেন্টেনারি কলেজ রহড়া, ভাষা বিভাগ আজ "রেডিও প্রবীনদের নিঃসঙ্গতার সাথী ও জনজীবনের অঙ্গ " শীর্ষক এক আলোচনা সভার আয়োজন করে। বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ স্বামী কমলাস্থানন্দ মহারাজ, অধ্যাপক মানস মৌলীক এবং ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাবের সম্পাদক অম্বরিশ নাগ বিশ্বাস প্রমুখ।

oooooooooooooooooooooooooo

নিম্নচাপ অক্ষরেখা এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায় আজ দুপুরের পর থেকে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টি শুরু হয়েছে। বীরভূম, পূর্ব বর্ধমান, হুগলি ,বাঁকুড়া এবং পুরুলিয়ায় বেশ কিছু জায়গায় ঝোড়ো হাওয়ার সঙ্গে হালকা থেকে মাঝারি বৃষ্টি হয়েছে। পুরুলিয়ার কোথাও কোথাও হালকা শিলাবৃষ্টিরও খবর পাওয়া গেছে। পূর্ব বর্ধমানে বিভিন্ন জায়গায় আজ সন্ধ্যায় ঝড় ও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি হয়েছে। কোথাও কোথাও শিলা বৃষ্টিও হয়। কলকাতায় সন্ধ্যায় শুরু হয়েছে কালবৈশাখীর ঝড় বৃশটি।

দক্ষিণবঙ্গের মুর্শিদাবাদ নদিয়া এবং হাওড়া জেলাতেও আজ দমকা বাতাস বইবার সঙ্গে সঙ্গে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

অন্যদিকে আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে উত্তরবঙ্গের দার্জিলিং ,জলপাইগুড়ি,কালিম্পং এবং আলিপুরদুয়ার জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হয়েছে।

আগামীকাল পশ্চিমের জেলাগুলিতে হাওয়ার গতিবেগ ৪০ কিলোমিটার ছাড়িয়ে যেতে পারে বলে পূর্বাভাস দেয়া হয়েছে। কোন কোন জেলায় কালবৈশাখীর সম্ভাবনা থাকছে।

oooooooooooooooooooooo

ইস্টবেঙ্গল ক্লাবের ৬৩ তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আজ ক্লাব মাঠে অনুষ্ঠিত হয়। সার্বিকভাবে ইস্টবেঙ্গল চ্যাম্পিয়ন এবং মোহনবাগান রানার্স হয়েছে।

ooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooo